ঝিনাইদহে হাম-রুবেলা ক্যাম্পেইন উপলক্ষে সংবাদ সম্মেলন

ঝিনাইদহ স্বাস্থ্য বিভাগের উদ্যোগে হাম-রুবেলা ক্যাম্পেইন ২০২০ উপলক্ষে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকালে ঝিনাইদহ সিভিল সার্জনের সম্মেলন কক্ষে এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। জেলার ছয়টি উপজেলার ৬৮টি ইউনিয়ন ও ৫টি পৌরসভার ৯মাস থেকে ১০বছরের কম বয়সী শিশুদের টিকা দেওয়া হবে।

আগামী ১২ ডিসেম্বর থেকে শুরু করে চলবে ২৪ জানুয়ারি ২০২১পর্যন্ত (ছুটির দিন ব্যতিত)। ৩ লাখ ৫৬ হাজার ৩২০ টি শিশুকে এ টিকা দেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে বলে জানান স্বাস্থ্য বিভাগ ।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ঝিনাইদহের সিভিল সার্জন সেলিনা বেগম, স্বাস্থ্য শিক্ষা অফিসার আব্দুর রহমান, ঝিনাইদহ প্রেস ক্লাবের সভাপতি এম রায়হান, সিনিয়র সাংবাদিক বিমল কুমার সাহা, সহ-সম্পাদক কে এম সালেহসহ প্রেস ক্লাবের সাংবাদিকবৃন্দ।

কালীগঞ্জ পৌরসভার নির্বাচনে মেয়র প্রার্থী নিয়ে আওয়ামীলীগে দ্বন্দ্ব

আগামী পৌরসভা নির্বাচনের ২টি ধাপের তফসিল ঘোষণা করা হয়েছে। এরমধ্যে ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভা তালিকায় নেই। কিন্তু আওয়ামী লীগের মেয়র প্রার্থী কে হবেন তা নিয়ে চলছে নানা গুঞ্জন।

প্রার্থিতা নিয়ে প্রকাশ্যে শুরু হয়েছে উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও সাধারণ সম্পাদক দু’গ্রুপের মধ্যে চরম দ্বন্দ্ব। গ্রুপ

দু’টির পক্ষ থেকে জেলা কমিটির মাধ্যমে কেন্দ্রে পাঠানো হয়েছে দু’জনের নাম। দীর্ঘদিন দলটির গ্রুপিং ঝিমিয়ে থাকলেও আগামী পৌরসভা নির্বাচনকে কেন্দ্র করে তা এখন চাঙ্গা হয়ে উঠেছে।

উপজেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল মান্নানের পক্ষ থেকে একক প্রার্থী হিসেবে মনোনীত করা হয়েছে তার আপন ভাইয়ের ছেলে সাহেদ কবির লিমনকে।

অন্যদিকে, বর্তমান এমপি সাধারণ সম্পাদক আনোয়ারুল আজীম আনারের পক্ষ থেকে একক প্রার্থী হিসেবে মনোনীত করা হয়েছে বর্তমান মেয়র তার ভাগ্নে আশরাফুল আলম আশরাফকে।

বিষয়টি নিশ্চিত করেছেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু। আওয়ামী লীগের দু’টি গ্রুপই দু’জনকে দলীয় একক প্রার্থী হিসেবে ঘোষণা করেছেন। এ নিয়ে দ্বিধা-দ্বন্দ্বে পড়েছে স্থানীয় আওয়ামী লীগের নেতাকর্মীরা।

কিন্তু কেন্দ্র যাকে নৌকা প্রতীক দিবেন তার পক্ষেই কাজ করবেন বলে জানিয়েছেন স্থানীয় অধিকাংশ নেতাকর্মীরা। গত ৩রা ডিসেম্বর উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবদুল মান্নান স্বাক্ষরিত দলীয় প্যাডে এক প্রেস বিজ্ঞপ্তিতে কালীগঞ্জ পৌর নির্বাচনে একক মেয়র প্রার্থী হিসেবে সাহেদ কবির লিমনের নাম উল্লেখ করেছেন। অন্যদিকে, একই দিন সন্ধ্যায় কালীগঞ্জ পৌর আওয়ামী লীগের জরুরি সভা আহ্বান করা হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বর্তমান এমপি আনোয়ারুল আজীম আনার। সভায় আগামী পৌরসভা নির্বাচনে দলীয় একক প্রার্থী হিসেবে পৌর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আশরাফুল আলম আশরাফের নাম ঘোষণা করা হয়।

জানা গেছে, সাধারণ সম্পাদক পক্ষের মেয়র প্রার্থী কালীগঞ্জ পৌরসভার বর্তমান মেয়র ও পৌর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আশরাফুল আলম আশরাফ। তিনি কালীগঞ্জ উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বর্তমান সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনারের ভাগ্নে।

এদিকে, সভাপতি পক্ষের মেয়র প্রার্থী হিসেবে আছেন কালীগঞ্জ উপজেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম আহ্বায়ক সাহেদ কবির লিমন। তিনি সাবেক এমপি ও কালীগঞ্জ উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবদুল মান্নানের ভাইয়ের ছেলে।

দৈনিক আমার সংবাদের বিভাগীয় সেরা সাংবাদিক শাহ আলমকে শুভেচ্ছা

দৈনিক আমার সংবাদ পত্রিকার ২০২০ সালের খুলনা বিভাগের সেরা প্রতিনিধিকে ফুল দিয়ে শুভেচ্ছা জানিয়েছেন প্রেসক্লাব কালীগঞ্জের নেতৃবৃন্দরা।

বৃহস্পতিবার বিকালে প্রেসক্লাব কালীগঞ্জের অস্থায়ী কার্যলয়ে তাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান কালীগঞ্জের সাংবাদিকরা।

এসময় বক্তারা শাহ আলমের এই অর্জনকে প্রেসক্লাবের সাফল্যের মুকুটে অরেকটি পালক যুক্ত হয়েছে বলে জানান, সকলে তার সাংবাদিকতার সাফল্য কামনা করেন এবং সৎ নিষ্ঠাবান হিসাবে পেশাগত দায়িত্ব পালনের জন্য বলেন।

এসময় উপস্থিত ছিলেন প্রেসক্লাবের সভাপতি জাকারিয়া হোসেন, সাধারণ সম্পাদক তোফাজ্জল হোসেন, উপদেষ্টা সোহেল আহমেদ, শিপলু জামান, অর্থ ও দপ্তর সম্পাদক তানজির রহমান, মতিয়ার রহমান, নাজমুল হোসেন, স্বাধীন ইসলাম প্রমুখ।

ঝিনাইদহে বিশ্ব মানবাধিকার দিবস উপলক্ষে র্যালী ও আলোচনা সভা

“মানবাধিকার সুরক্ষায় তারুন্যের অভিযাত্রা” এই শ্লোগানে ঝিনাইদহে বিশ্ব মানবাধিকার দিবস ২০২০ উপলক্ষে র্যালী ও আলোচনা

সভা অনুষ্ঠিত হয়েছে।
হিউম্যান রাইটস্ মনিটরিং অর্গানাইজেশন, মানবাধিকার সংগঠন ঝিনাইদহ জেলা শাখার আয়োজনে বৃহস্পতিবার সকালে শহরের পুরাতন ডিসি কোট চত্তর থেকে একটি শোভাযাত্রা বের করা হয়।

র্যালীটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিন শেষে ঝিনাইদহ প্রেসক্লাব চত্তরে এসে শেষ হয়। পরে প্রেসক্লাব অডিটরিয়ামে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
এসময় হিউম্যান রাইটস্ মনিটরিং অর্গানাইজেশন জেলা শাখার সভাপতি ও ঝিনাইদহ প্রেসক্লাবের প্রচার সম্পাদক শামীমুল ইসলাম শামীম এর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা মহিলা সংস্থার চেয়ারম্যান ও জেলা মহিলা শ্রমিকলীগের আহবায়ক দীপ্তি রহমান।
বিশেষ অতিথির বক্তব্য রাখেন, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সভাপতি ও জেলা আ’লীগের শিক্ষা বিষয়ক সম্পাদক আহাদুর রহমান খোকন,ওয়াজির আলী স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ ও হিউম্যান রাইটস্ মনিটরিং অর্গানাইজেশন, ঝিনাইদহ জেলা শাখার সাংগঠনিক সম্পাদক হাবিবুর রহমান ও ঝিনাইদহ প্রেসক্লাবের সিনিয়র সাংবাদিক দেলোয়ার কবির।

এসময় আরও উপস্থিত ছিলেন এবং বক্তব্য রাখেন,জেলা স্বেচ্ছাসেবকলীগের প্রচার সম্পাদক খানজাহান আলী, ঝিনাইদহ প্রেসক্লাবের দপ্তর সম্পাদক জহুরুল ইসলাম হিরো, সাংবাদিক এম.এ জলিল প্রমূখ। অনুষ্ঠান পরিচালনা করেন হিউম্যান রাইটস্ মনিটরিং অর্গানাইজেশন ঝিনাইদহ সদর থানার সভাপতি ও দীপায়ন সাংস্কৃতিক একাডেমীর সাধারণ সম্পাদক বিএম আনোয়ার হোসেন। সেসময় বক্তরা, মানবাধিকার সুরক্ষায় সকলকে যার যার অবস্থান থেকে কাজ করার আহবান জানান।
উল্লেখ্য যে, ১৯৫০ সালের এই দিনটিকে জাতিসংঘ বিশ্ব মানবাধিকার দিবস হিসেবে ঘোষণা দেয়। সেই থেকে বিশ্বজুড়ে দিবসটি পালিত হচ্ছে। এদিকে ‘ঘুরে দাঁড়াবো আবার, সবার জন্য মানবাধিকার’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে বাংলাদেশ মানবাধিকার কমিশন সদর উপজেলা শাখার আয়োজনে আন্তর্জাতিক মানবাধিকার দিবস পালিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে শহরের পায়রা চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে সেখানে পালিত হয় মানববন্ধন কর্মসূচী। এতে সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য খালেদা খানম, বাংলাদেশ মানবাধিকার কমিশন সদর

উপজেলা শাখার সভাপতি এ্যাড. শেখ ওয়াশিকুর রহমান, সাধারণ সম্পাদক শাহিদুর রহমান সন্টুসহ মানবাধিকার কর্মীরা বক্তব্য রাখেন। পরে শহরের বিভিন্ন স্থানে করোনা প্রতিরোধে মাস্ক বিতরণ করা হয়।

ঝিনাইদহে নারীখেলোয়াডদের মাসব্যাপী হকি প্রশিক্ষণের উদ্বোধন

ঝিনাইদহে তৃণমুল পর্যায় থেকে প্রতিভাবান খেলোয়াড় বাছাই করতে শুরু হয়েছে নারীখেলোয়াড় মাসব্যাপী হকি প্রশিক্ষণ।

বৃহস্পতিবার সকালে শহরের ফজর আলী গার্লস স্কুল এন্ড কলেজ মাঠে এ প্রশিক্ষণের উদ্বোধন করেন সদর উপজেলা ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল।
এসময় উপস্থিত ছিলেন জেলা ক্রীড়া কর্মকর্তা মাহবুবুর রহমান, ফজর আলী গালর্স স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ জয়া রানী চন্দ, ক্রীড়া সংগঠক জয়নাল আবেদীনসহ শিক্ষক, শিক্ষার্থীরা। প্রতিদিন বিকাল ৩ টায় তাদের প্রশিক্ষণ প্রদাণ করবেন প্রশিক্ষক জামাল হোসেন ও সুরাইয়া পারভীন।

ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচীর আওতায় জেলা ক্রীড়া অফিসের আয়োজনে মাসব্যাপী এই প্রশিক্ষণ কর্মশালায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৪০ জন প্রশিক্ষনার্থী এই হকি প্রশিক্ষণ গ্রহণ করবে।

মোবারকগঞ্জ চিনিকলের আখচাষী ও

শ্রমিক-কর্মচারীদের স্মারকলিপি প্রদান

আখচাষী বাঁচাও, শ্রমিক বাঁচাও, মিল বাঁচাও, হটাও দালাল, বাঁচাও মিল, মুজিব বর্ষের এই অঙ্গীকার নিয়ে ৯ ডিসেম্বর গতকাল বুধবার সকাল ১০টার দিকে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে মোবারকগঞ্জ চিনিকলের আখচাষী ও শ্রমিক কর্মচারীরা বিক্ষোভ মিছিল করেছে। সেই সাথে দুই ঘন্টা কর্মবিরতি পালন শেষে কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার সুর্বনা রানী সাহার মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি ও খোলা চিঠি প্রদান করেছে।

জানাগেছে গত ৫ই ডিসেম্বর ২০২০ শনিবার ঢাকা প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলনের আয়োজন করেন বাংলাদেশ চিনিকল আখ চাষী ও শ্রমিক-কর্মচারী ফেডারেশনের নৃতৃবৃন্দ। উক্ত সংবাদ সম্মেলনে ৫ দফা দাবিতে জানানো হয় এ আন্দোলন কর্মসূচি।

শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি ও বাংলাদেশ চিনিকল শ্রমিক-কর্মচারী ফেডারেশনের আইন-দরকষাকষি সম্পাদক গোলাম রসুল জানান, ৫ দফা দাবির অংশ হিসেবে প্রধানমন্ত্রী বরাবর খোলা চিঠির ও স্মারকপত্রের মাধ্যমে ৬ টি চিনিকল বন্ধ না রেখে ১৫ টি চিনিকলই চালু রাখার আহব্বান জানান। তিনি আরও জানান আমাদের দাবি না মানলে আগামীতে আরও বৃহত্ত কঠোর আন্দোলন কর্মসূচি ঘোষণা করা হবে। কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসারের কাছে স্মারকলিপি দেওয়া শেষে উপজেলা প্রাঙ্গণে মোচিক প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মোচিক শ্রমিক ইউনিয়নের সভাপতি গোলাম রসুল।

উপস্থিত ছিলেন মোচিক শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক শরিফুল ইসলাম, মোচিক আখচাষী কল্যাণ সমিতির সাধারণ সম্পাদক মাসুদুর রহমান মন্টু, সহ-সভাপতি ফজের আলী, সহ-সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম, দপ্তর সম্পাদক সাহেব আলী, সদস্য পিকু রহমান, কৃষক জহুর আলী, আক্কাস আলী, বাবুর আলী যুবলীগ নেতা কবির হোসাইন, শ্রমিক নেতৃবৃন্দ আখ চাষী ও শ্রমিক কর্মচারী বৃন্দরা ।

কোটচাঁদপুর পৌর মহিলা কলেজের উপাধ্যক্ষ তপন কুমারের মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর মহিলা ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ তপন কুমার সরকার হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে পরলোকগমন করেছেন।

গতকাল বুধবার সকাল ৮টায় হৃদরোগে আক্রান্ত হলে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়ার পর তার মৃত্যু হয়। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৬ বছর।

তিনি পৌর শহরের সলেমানপুর বাজার পাড়ার মৃত নেপাল চন্দ্র সরকারের ছেলে। মৃত্যুকালে তিনি স্ত্রী ও তিন মেয়েসহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন।

গতকাল বুধবার রাতে সলেমানপুর গজারমারী শ্মশানে তার শেষকৃত্য করা হয় । মৃত তপন কুমার সরকার প্রতিষ্ঠালগ্ন থেকে পৌর মহিলা ডিগ্রি কলেজে ভূগোল বিভাগে শিক্ষকতা করে আসছিলেন। সেই সাথে কলেজের ভাইস প্রিন্সিপালের দায়িত্ব পালন করেন। এছাড়াও তিনি শিশুতলা মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি, কোটচাঁদপুর উপজেলা পূজা উদযাপন কমিটির উপদেষ্টা মন্ডলীর সদস্য এবং প্রগতিশীল নাগরিক সমাজের উপদেষ্টা মন্ডলীর সদস্য ছিলেন।

তপন কুমারের মৃত্যুতে শোক জানিয়েছেন, ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য এ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চল, কোটচাঁদপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি, সাধারণ সম্পাদক শাহাজান আলী, পৌর মেয়র জাহিদুল ইসলাম,

উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, সাবেক পৌর মেয়র সালাহ্উদ্দীন বুলবুল সিডল, পৌর আ.লীগের যুগ্ন-আহ্বায়ক শহীদুজ্জামান সেলিম, পৌর মহিলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ মৃনাল কান্তি সরকার, কলেজের শিক্ষক-শিক্ষার্থীসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও নানা শ্রেণী পেশার মানুষ।

দর্শনায় স্বাস্থ্য উপকরণ বিতরণ

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা ও জীবনগর দুইটি উপজেলার ২১টি কিশোরী ক্লাবে প্রাথমিক স্বাস্থ্য মনিটনিং উপকরণ বিতরণ করা হয়েছে।

দর্শনা অংকুর মেশিনারিজ কার্যালয়ের ৩য় তলায় এসব স্বাস্থ্য মনিটরিং উপকরণ প্রদান করা হয়। ওয়েভ ফাউন্ডেশনের সমন্বয়কারী আনিছুর রহমান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রিজিওনাল ম্যানেজার জিল্লুর রহমান।

প্রধান অতিথি উপস্থিত থেকে ২১টি ক্লাবে বিপি মেশিন, স্টেথোস্কোপ, থার্মোমিটার, ওজন মাপা মেশিন, ওজন মাপক স্কেল, ফাস্টএইড বক্র এর সাথে ব্যান্ডেজ, গজ, ভায়োডিন ও হেক্রিসল বিনামূল্যে বিতরণ করেন।

ওয়েভ ফাউন্ডেশন ও পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের সহযোগিতায় এবং কিশোর-কিশোরী ক্লাবের আয়োজনে এ অরিয়েন্টেশন বাস্তবাতিয় হয়। এ অরিয়েন্টেশনে দুইটি উপজেলার ৬৫ জন কিশোর কিশোরী অংশ নেয়। অরিয়েন্টেশন পরিচালনা করেন দামুড়হুদা উপজেলার স্বাস্থ্য কর্মকর্তা ডাক্তার আবু হেনা মোঃ জামাল শুভ ও ডাক্তার আনোয়ার হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ওয়েভ ফাউন্ডেশনের উপ-সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, আব্দুস সালাম, সহ-সমন্বয়কারী মজিবার রহমান, দর্শনা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক আওয়াল হোসেন, মাই টিভির জেলা প্রতিনিধি ইকরামুল হক পিপুল, দর্শনা প্রেস ক্লাবের সাবেক সভাপতি হানিফ মন্ডল ও স্বাস্থ্যকর্মী লাল্টু রহমান।

অনুষ্ঠান পরিচালনা করেন ইসরাইল হোসেন টিটো ও পিংকি মন্ডল।

কালীগঞ্জে যাত্রীবাহী বাস খাদে পড়ে নিহত ১, আহত ৪

কালীগঞ্জ- দর্শনা সড়কের কালীগঞ্জ উপজেলার লাউতলা নামক স্থানে যাত্রীবাহী বাস নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে বাসের হেলপার নিহত ও আরও ৪ জন আহত হয়েছেন। নিহতের নাম মিরাজ (২০)। তার বাড়ি কালীগঞ্জ উপজেলার রঘুনাথপুর গ্রামে গ্রামে।

বৃহস্পতিবার (১০ ডিসেম্বর) সকাল ৮ টার দিকে এই ঘটনা ঘটে। ঘটনার পর স্থানীয় এলাকাবাসী, ফায়ার সার্ভিসের কর্মীসহ পুলিশ সদস্যরা এসে উদ্ধার তৎপরতা চালায়। হতাহতরা সবাই বাসের যাত্রী।

ফায়ার সার্ভিস ও স্থানীয়রা জানান, সকাল আটটার দিকে কালীগঞ্জ থেকে কোটচাঁদপুর যাওয়ার পথে শাপলা পরিবহনের একটি যাত্রীবাহী বাস (যশোর- জ- ১১-০০২২) কুয়াশার কারনে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের খাদে পড়ে যায়। এসময় বাসের হেলপার নিহত এবং ৪ যাত্রী আহত হন।

কালীগঞ্জ ফায়ার সার্ভিসের কর্মকর্তা শেখ মামুনুর রশিদ জানান, দুর্ঘটনার খবর পেয়ে স্থানীয় জনতা, ফায়ার সার্ভিস ও পুলিশ সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে একজনের লাশ উদ্ধার করেন। আহতদের নাম পরিচয় জানা যায়নি। দুর্ঘটনা কবলিত বাসটি উদ্ধারে চেষ্টা চালাচ্ছে পুলিশ।

হরিণাকুণ্ডুতে জয়িতাদের সম্মাননা প্রদান

জয়িতাদের অবদান সমাজে ছড়িয়ে দিতে পারলেই নারীরা আরও উৎসাহী হবেন। আর তাছাড়া সরকার নারীদের সকল ক্ষেত্রে সমঅধিকার দিয়েছে। নারীরা তখনই স্বাবলম্বী হবে যখন তাদেরকে বিভিন্নভাবে প্রশিক্ষণ দিয়ে যোগ্য করে গড়ে তুলতে পারা যাবে ।

উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে ২৫

নভেম্বর থেকে ১০ ডিসেম্বর আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ উপলক্ষ্যে ও ৯ ডিসেম্বর বেগম রোকেয়া দিবস উপলক্ষ্যে জয়িতাদের সম্মাননা প্রদান অনুষ্ঠিত হয়েছে।

রাজিয়া আক্তার সহকারী কমিশনার (ভূমি)এর সভাপতিত্বে হরিণাকুণ্ডু উপজেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন।

বিশেষ অতিথি ছিলেন রেশমা আক্তার, মহিলা ভাইস- চেয়ারম্যান উপজেলা পরিষদ, মুন্সি ফিরোজা সুলতানা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিল্লাল হোসেন, যুব উন্নয়ন কর্মকর্তা এবং হরিণাকুণ্ডু প্রেস ক্লাবের সভাপতি এম. সাইফুজ্জামান তাজু প্রমুখ।